গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা।

## সংবাদ গতিধারা

ঢাকা, সোমবার ১৫ জুন ২০১৫, ১ আষাঢ় ১৪২২

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। ডব্লিউটিও নীতিমালা অনুযায়ী ট্রানজিট ফি নির্ধারণ করা হবে : অর্থমন্ত্রী
২। সামাজিক সুরক্ষা খাতে ব্যয় হচ্ছে বাজেটের ১২ ভাগ : পরিকল্পনামন্ত্রী
৩। উপজেলা পরিষদে নারী সদস্য পদে নির্বাচন আজ : বিনা প্রতিদ্বন্দ্বিতায় নির্বাচিত ৩০১
৪। আজ চার দেশীয় মোটর যান চলাচল চুক্তি স্বাক্ষর থিম্পুতে
৫। সকালে প্রশ্ন দুপুরে পরীক্ষা : প্রাথমিকে শিক্ষক নিয়োগ
৬। রাঙ্গামাটিতে সন্ত্রাসীদের ব্রাশফায়ারে ইউপিডিএফের ৩ কর্মী নিহত
৭। সুপ্রিম কোর্টের প্রথম রেজিস্ট্রার জেনারেল আমিনুল ইসলাম
৮। উত্তরাঞ্চলে পানি বৃদ্ধি অব্যাহত : বাড়ছে ভাঙন, পানিবন্দি হাজারো মানুষ
৯। ৬০ লাখ জালটাকা বাজারে : ঢাকায় ১৫ সিন্ডিকেট সক্রিয়
১০। আরও পাঁচ দেশের সঙ্গে কেন্দ্রীয় ব্যাংকের চুক্তি : মানি লন্ডারিং ও সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধ
১১। চট্টগ্রামের ঝুঁকিপূর্ণ পাহাড়ে বসতি উচ্ছেদ শুরু
১২। সমুদ্র সম্পদ আহরণে এমওইউ প্রস্তাব চীনের
১৩। রমজান ও ঈদুল ফিতরে অর্থ পরিবহণে নিরাপত্তা দেবে পুলিশ

চলমান পাতা/২

১। ডব্লিউটিও নীতিমালা অনুযায়ী ট্রানজিট ফি নির্ধারণ করা হবে : অর্থমন্ত্রী

বাংলাদেশ-ভারত এবং উপ-আঞ্চলিক সংযোগের ক্ষেত্রে বিশ্ব বাণিজ্য সংস্থার (ডব্লিউটিও) নীতিমালা অনুযায়ী ট্রানজিট ফি বা মাশুল নির্ধারণ করা হবে বলে জানিয়েছেন অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত। গতকাল ১৪ জুন রোববার সচিবালয়ে সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি এ মন্তব্য করেন। সূত্র-সমকাল (শেষ পৃ.,ক.২), সংবাদ (শেষ পৃ.,ক.২), ভোরের কাগজ (পৃ.১,ক.৮), ডেইলি সান (পৃ.১,ক.৩), নিউজ টুডে (পৃ.১,ক.১)। ফিনানশিয়াল এক্সপ্রেস এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

২। সামাজিক সুরক্ষা খাতে ব্যয় হচ্ছে বাজেটের ১২ ভাগ : পরিকল্পনামন্ত্রী

সরকার জিডিপির ২ দশমিক ২ ভাগ এবং বাজেটের ১২ ভাগ সামাজিক সুরক্ষায় ব্যয় করছে বলে জানিয়েছেন পরিকল্পনামন্ত্রী আ হ ম মুস্তফা কামাল। গতকাল ১৪ জুন রোববার রাজধানীর ব্র্যাক সেন্টারে 'অতি দারিদ্র্য দূরীকরণ : উন্নয়ন কৌশল ও মডেল' শীর্ষক এক আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্যে পরিকল্পনামন্ত্রী এ কথা বলেন। সূত্র-জনকণ্ঠ (পৃ.১৮,ক.২), ইত্তেফাক (পৃ.১৮,ক.৭), ডেইলি সান (শেষ পৃ.,ক.৫), বাংলাদেশ টুডে (শেষ পৃ.,ক.৫)।

৩। উপজেলা পরিষদে নারী সদস্য পদে নির্বাচন আজ : বিনা প্রতিদ্বন্দ্বিতায় নির্বাচিত ৩০১

উপজেলা পরিষদে সংরক্ষিত নারী সদস্যপদে আজ ১৫ জুন সোমবার নির্বাচন। দেশের ৩৭৭টি উপজেলা পরিষদের ১২৪৫টি পদে সকাল ৮টা থেকে দুপুর ২টা পর্যন্ত এ নির্বাচন অনুষ্ঠিত হবে। নির্বাচনের জন্য প্রতি উপজেলায় একটি করে ভোটকেন্দ্র স্থাপন করা হয়েছে। নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করছেন ২ হাজার ৫৩৬ জন। মোট ভোটার ১১ হাজার ১৬৮ জন। সূত্র-ইত্তেফাক (শেষ পৃ.,ক.৮), সমকাল (পৃ.১৭,ক.৭), যুগান্তর (পৃ.১৪,ক.১)।

৪। আজ চার দেশীয় মোটর যান চলাচল চুক্তি স্বাক্ষর থিম্পুতে

বাংলাদেশ, ভারত, নেপাল এবং ভুটানের (বিবিআইএন) মধ্যে যাত্রী, ব্যক্তিগত ও পণ্যবাহী মোটর যান চলাচলের চুক্তি আজ ১৫ জুন সোমবার ভুটানের রাজধানী থিম্পুতে স্বাক্ষরিত হবে। চার দেশের পরিবহণ মন্ত্রীরা এই চুক্তিতে সই করবেন। বাংলাদেশের পক্ষে চুক্তি স্বাক্ষরের জন্য থিম্পুতে অবস্থান করছেন সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের। সূত্র-ইত্তেফাক (শেষ পৃ.,ক.৫), জনকণ্ঠ (পৃ.১,ক.৮), যুগান্তর (পৃ.২,ক.৫), ডেইলি স্টার (পৃ.১,ক.৩), ইন্ডিপেনডেন্ট (শেষ পৃ.,ক.২)।

৫। সকালে প্রশ্ন দুপুরে পরীক্ষা : প্রাথমিকে শিক্ষক নিয়োগ

পরীক্ষা শুরুর মাত্র ২ ঘণ্টা আগে ছাপানো হবে প্রশ্নপত্র। আর তা প্রণীত হবে পরীক্ষার ৬ ঘণ্টা আগে। এরপর তা ছাপানোর জন্য পাঠানো হবে জেলায় জেলায়। জেলা প্রশাসকদের (ডিসি) নেতৃত্বে একটি টিম রুদ্ধদ্বার কক্ষে ছাপাবে সেই প্রশ্ন। ফাঁস হওয়া ঠেকাতে আসন্ন প্রাথমিক শিক্ষক নিয়োগ পরীক্ষার ক্ষেত্রে এ ব্যবস্থা নিচ্ছে সরকার। আগামী ২৭ জুন দুপুর ২টায় অনুষ্ঠিত হবে এ পরীক্ষা। সূত্র-যুগান্তর (শেষ পৃ.,ক.২)।

৬। রাঙ্গামাটিতে সন্ত্রাসীদের ব্রাশফায়ারে ইউপিডিএফের ৩ কর্মী নিহত

রাঙ্গামাটিতে লংগদুর ভাইবোনছড়ায় সন্ত্রাসীদের ব্রাশফায়ারে অন্তত ৩ ইউপিডিএফ কর্মী নিহত হয়েছেন। গতকাল ১৪ জুন রোববার ভোর সাড়ে ৬টার দিকে লংগদু উপজেলার ভাইবোনছড়া এলাকার গোল্লাছড়িতে এ ঘটনা ঘটে। সূত্র-ভোরের কাগজ (শেষ পৃ.,ক.৬), সংবাদ (পৃ.১,ক.৫), সমকাল (শেষ পৃ.,ক.৫), ডেইলি স্টার (পৃ.১,ক.১), নিউ নেশন (পৃ.১,ক.৫)।

৭। সুপ্রিম কোর্টের প্রথম রেজিস্ট্রার জেনারেল আমিনুল ইসলাম

সুপ্রিম কোর্টের রেজিস্ট্রার সৈয়দ আমিনুল ইসলামকে বাংলাদেশের সর্বোচ্চ আদালতের প্রথম রেজিস্ট্রার জেনারেল হিসেবে নিয়োগ দেওয়া হয়েছে। প্রধান বিচারপতি সুরেন্দ্র কুমার সিনহা পরবর্তী আদেশ না দেওয়া পর্যন্ত তাকে এই পদে নিয়োগ দিয়েছেন বলে গতকাল ১৪ জুন রোববার সুপ্রিম কোর্টের এক বিজ্ঞপ্তিতে জানানো হয়। সূত্র-ভোরের কাগজ (শেষ পৃ.,ক.১), প্রথম আলো (পৃ.৪,ক.১), ইত্তেফাক (পৃ.৩,ক.৫), ইন্ডিপেনডেন্ট (পৃ.২,ক.১)।

৮। উত্তরাঞ্চলে পানি বৃদ্ধি অব্যাহত : বাড়ছে ভাঙন, পানিবন্দি হাজারো মানুষ

উত্তরাঞ্চলের বিভিন্ন নদ-নদীতে পানি বৃদ্ধি অব্যাহত রয়েছে। উজান থেকে নেমে আসা পানি প্লাবিত করেছে নদ-নদীর দু'পাড়ের এলাকা। নীলফামারী, কুড়িগ্রামের নিম্নাঞ্চল প্লাবিত হয়েছে। পানিবন্দি হয়ে আছে হাজার হাজার মানুষ। কোথাও কোথাও পানি কমার সঙ্গে সঙ্গে বেড়ে গেছে ভাঙ্গনের তীব্রতা। সূত্র-ইত্তেফাক (পৃ.১,ক.৬), সংবাদ (পৃ.১,ক.২), জনকণ্ঠ (পৃ.১,ক.৪), ডেইলি স্টার (পৃ.১,ক.১), ইন্ডিপেনডেন্ট (পৃ.১,ক.২)।

৯। ৬০ লাখ জালটাকা বাজারে : ঢাকায় ১৫ সিন্ডিকেট সক্রিয়

আসন্ন ঈদ ও রমজানকে সামনে রেখে এরই মধ্যে ৬০ লাখ টাকার জালনোট বাজারে ছেড়েছে জালটাকা তৈরি চক্রের সদস্যরা। তারা সিন্ডিকেট করে তাদের বিভিন্ন এজেন্টের মাধ্যমে এ জালটাকাগুলো বাজারে ছেড়েছে। ঢাকায় জালটাকা তৈরির কাজ করছে এ পর্যন্ত এরকম ১৫টি সিন্ডিকেটকে চিহ্নিত করা হয়েছে। গতকাল ১৪ জুন রোববার ঢাকা মেট্রোপলিটন পুলিশের (ডিএমপি) গণমাধ্যম কার্যালয়ে সাংবাদিকদের এসব কথা বলেন ঢাকা মহানগর

গোয়েন্দা (ডিবি) পুলিশের যুগ্ম কমিশনার মনিরুল ইসলাম। সূত্র-ভোরের কাগজ (পৃ.১,ক.২), সংবাদ (শেষ পৃ.,ক.৩), ইত্তেফাক (পৃ.৩,ক.২), নিউ নেশন (শেষ পৃ.,ক.১), ইন্ডিপেনডেন্ট (পৃ.৩,ক.৬)।

১০। আরও পাঁচ দেশের সঙ্গে কেন্দ্রীয় ব্যাংকের চুক্তি : মানি লন্ডারিং ও সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধ

মানি লন্ডারিং প্রতিরোধ ও সন্ত্রাসী কর্মকাণ্ডে অর্থায়ন প্রতিরোধে তথ্য আদান-প্রদানের জন্য বাংলাদেশ ব্যাংক আরও ৫টি দেশের সঙ্গে সমঝোতা স্মারক সই করেছে। ৯ ও ১০ জুন এ চুক্তি সই হয়েছে। দেশগুলো হচ্ছে-রাশিয়া, পানামা, ফিজি, কিরগিজিস্থান এবং বারবাডোজ। এ নিয়ে বাংলাদেশ ব্যাংক ৩৬টি দেশের সঙ্গে সমঝোতা স্মারক সই করেছে। কেন্দ্রীয় ব্যাংক সূত্র জানায়, বাংলাদেশ আর্থিক গোয়েন্দা ইউনিটের (বিএফআইইউ) চার সদস্যের একটি প্রতিনিধি দল এগমন্ট গ্রুপের বার্ষিক সম্মেলনে অংশগ্রহণকালে এ চুক্তি সই করেন। সূত্র-যুগান্তর (পৃ.১৬,ক.১)।

১১। চট্টগ্রামের ঝুঁকিপূর্ণ পাহাড়ে বসতি উচ্ছেদ শুরু

নগরীর লালখান বাজার মতিঝর্ণা এলাকায় ঝুঁকিপূর্ণ পাহাড় থেকে বসতি উচ্ছেদ শুরু করেছে জেলা প্রশাসন। গতকাল ১৪ জুন রোববার বেলা পৌনে ১২টা থেকে উচ্ছেদ শুরু হয়। প্রশাসনের পক্ষ থেকে এলাকায় গিয়ে মাইকে অবৈধ ঘরগুলোর বাসিন্দাদের সরে যাওয়ার নির্দেশ দেওয়া হয়। এরপর শ্রমিকরা অবৈধ ঘরগুলো ভাঙতে শুরু করে। উচ্ছেদের সময় বিদ্যুৎ পানির সংযোগ বিচ্ছিন্ন করা হয়। সূত্র-ভোরের কাগজ (শেষ পৃ., ক.২), সবাদ (পৃ.১,ক.৬), ডেইলি স্টার (পৃ.২,ক.১), বাংলাদেশ টুডে (শেষ পৃ.,ক.২)।

১২। সমুদ্র সম্পদ আহরণে এমওইউ প্রস্তাব চীনের

ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির বাংলাদেশ সফরকালে দুই দেশের মধ্যে সামুদ্রিক অর্থনীতি (ব্লু ইকোনমি) রক্ষা এবং সম্পদ আহরণে সমঝোতা স্মারক (এমওইউ) স্বাক্ষরের পর এবার একই ধরনের এমওইউ স্বাক্ষরের প্রস্তাব দিয়েছে চীন। এ বিষয়ে সুনির্দিষ্ট কিছু প্রস্তাবসহ ঢাকাকে সমঝোতা স্মারকের একটি খসড়াও পাঠিয়েছে বেইজিং। গত ১০ জুন ওই খসড়া বাংলাদেশ কর্তৃপক্ষের কাছে আনুষ্ঠানিকভাবে হস্তান্তর করা হয়েছে বলে পররাষ্ট্র মন্ত্রণালয় সূত্রে জানা গেছে। সূত্র-ইত্তেফাক (শেষ পৃ.,ক.৬), জনকণ্ঠ (শেষ পৃ.,ক.৬), প্রথম আলো (পৃ.২,ক.২), নিউজ টুডে (পৃ.১,ক.১)।

১৩। রমজান ও ঈদুল ফিতরে অর্থ পরিবহণে নিরাপত্তা দেবে পুলিশ

রমজান ও ঈদুল ফিতর উপলক্ষে নগরবাসী ও বিভিন্ন প্রতিষ্ঠানকে নগদ অর্থ পরিবহণের জন্য 'মানি এসকর্ট' সেবা দেওয়ার সিদ্ধান্ত নিয়েছে ঢাকা মহানগর পুলিশ (ডিএমপি)। কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠান ব্যাংক থেকে নগদ অর্থ উত্তোলন, পরিবহণ ও ব্যাংকে জমা দেওয়া এবং মহানগরীর ভেতর ও পাশের জেলাগুলোতে নগদ অর্থ পরিবহণের ক্ষেত্রে ডিএমপির এই সেবা নিতে পারবেন। সূত্র-সমকাল (পৃ.১৯,ক.৬)।

সম্পাদকীয়

ক. প্রথম আলো, জনকণ্ঠ : গভীর রাতে এলোপাতাড়ি গুলি চালিয়ে দুজন দরিদ্র শ্রমজীবী মানুষকে হত্যার দায়ে অভিযুক্ত এক সাংসদ পুত্রের যথাযথ বিচার দাবি;

খ. ইত্তেফাক : নৌপথের নিরাপত্তা বাড়াতে নৌযানের ফিটনেস, চালকদের দক্ষতা উন্নয়ন ছাড়াও নৌপথে যেসব বিশৃঙ্খলা ও অব্যবস্থাপনা বিদ্যমান আছে তার সমাধান করার ওপর গুরুত্বারোপ;

গ. জনকণ্ঠ : শিশু শ্রম বন্ধ করে দরিদ্র শিশুদের পুনর্বাসনের সুপারিশ;

ঘ. সংবাদ : পুলিশ সদস্যদের বিরুদ্ধে বিভিন্ন অনিয়ম দুর্নীতিসহ বিভিন্ন অভিযোগের তদন্ত করার জন্য স্বরাষ্ট্র মন্ত্রণালয় দুটো পৃথক কমিটি গঠন করেছে উল্লেখ করে তারা নিরপেক্ষ ও যথাযথভাবে তদন্ত করবে বলে প্রত্যাশা ব্যক্ত;

ঙ. সমকাল : প্রণোদনা (ইনসেনটিভ) পাওয়ার জন্য কম দামে সবজি কিনে কৌশলে পান হিসেবে বিদেশে রপ্তানির অভিযোগ পাওয়ার উল্লেখ করে কৃষক তথা দেশের স্বার্থ রক্ষায় পানের আড়ালে অবৈধ প্রক্রিয়ায় সবজি রপ্তানিকারী চক্রের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়ার দাবি;

চ. ডেইলি স্টার : বেসরকারি খাতের মেডিকেল কলেজ ও ইঞ্জিনিয়ারিং কলেজসহ ১৬০টি বেসরকারি বিশ্ববিদ্যালয়ের ওপর ১০ শতাংশ মূল্য সংযোজন কর (ভ্যাট) আরোপের সিদ্ধান্ত যেন শিক্ষার্থীদের ওপর না পড়ে সে জন্য আইনি পদক্ষেপ নিশ্চিত করার আহ্বান;

ছ. ইন্ডিপেনডেন্ট : বিগত এক বছরে ঢাকা ওয়াসার ৬৪টি নতুন ডিপ টিউবওয়েল স্থাপনের ফলে ঢাকার ভূগর্ভস্থ পানির স্তর আশঙ্কাজনকভাবে নিচে নেমে যাওয়ায় উদ্বেগ প্রকাশ করে বৃষ্টির পানি সংরক্ষণের ওপর গুরুত্বারোপ;

জ. ডেইলি সান : খাদ্যপণ্যে বেশি মাত্রায় কীটনাশক ব্যবহার মানবদেহের জন্য ক্ষতিকর হওয়ায় সমন্বিত বালাই ও কীটনাশক ব্যবস্থা ও অর্গানিক ফার্মিং টেকনিক জোরদার করার আহ্বান;

ঝ. নিউজ টুডে, নিউ এজ : রাজধানীর যানজট সমস্যার সমাধানে স্কুল কলেজ ও অফিস আদালতের সময় সামঞ্জস্য করার সুপারিশ;

ঞ. নিউ নেশন : ঢাকা ওয়াসাকে বিশুদ্ধ খাবার পানির সরবরাহ নিশ্চিত করার ব্যবস্থা গ্রহণে জরুরি ভিত্তিতে

প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের ওপর গুরুত্বারোপ করে সম্পাদকীয় প্রকাশ করেছে।

উপ-সম্পাদকীয়

যুগান্তর পত্রিকায় প্রকাশিত কলামে রাষ্ট্রে প্রচলিত গণতন্ত্র কেবল উচ্চ শ্রেণির স্বল্পসংখ্যক লোকের গণতন্ত্র উল্লেখ করে এই গণতন্ত্রের পরিবর্তে সবার প্রত্যাশা শতভাগ মানুষের গণতন্ত্র বলে উল্লেখ করা হয়েছে।

নিবন্ধ ও ফিচার

প্রথম আলো পত্রিকায় প্রকাশিত 'অপমানিত পাবলিক বিশ্ববিদ্যালয়' শিরোনামের নিবন্ধে ফাহেমিদুল হক পাবলিক বিশ্ববিদ্যালয়ে নতুন জ্ঞানের সঞ্চারের জন্য প্রয়োজনীয় অবকাঠামো নির্মাণ, আধুনিক শিক্ষা উপকরণ সরবরাহ ও গবেষণায় বিপুল অর্থ বরাদ্দ থাকতে হবে বলে অভিমত প্রকাশ করেছেন।

#

ফারহানা/ফাহিমা/মরজিনা/সাঈদা/বিপু/২০১৫/৯.০০ ঘণ্টা